

পবিপ্রবিৰ ৮ হলের নাম পরিবর্তন

পবিপ্রবি প্রতিনিধি

২১ ফেব্রুয়ারি, ২০২৫
১৪:৫৪

শেয়ার

অ +

অ -



ছবি: কালের কণ্ঠ

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পবিপ্রবি) মোট আটটি হলের নাম পরিবর্তন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কাজী রফিকুল ইসলামের অনুমোদনক্রমে ও রেজিস্ট্রার (অ.দা.) প্রফেসর ড. ইকতিয়ার উদ্দিন সাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

শিক্ষার্থীদের জোরালো দাবির পরিপ্রেক্ষিতে নাম পরিবর্তন কমিটির মতামতের ভিত্তিতে উপাচার্যের সিদ্ধান্তে আটটি আবাসিক হলের নাম পরিবর্তন করা হয়।

আরো পড়ুন



কেন্টাকির সদর দপ্তর ছাড়ছে কেএফসি

সেই হিসেবে বিশ্ববিদ্যালয়ের শের-ই বাংলা হল-১ এর নাম পরিবর্তন করে শহীদ জিয়াউর রহমান হল-১, শের-ই বাংলা হল-২ এর নাম পরিবর্তন করে শহীদ জিয়াউর রহমান -২, কবি বেগম সুফিয়া কামাল হলের নাম পরিবর্তন করে চাঁদ সুলতানা হল, শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের নাম পরিবর্তন করে কবি বেগম সুফিয়া কামাল হল,

আরো পড়ুন



উল্লাপাড়ায় বাসচাপায় ২ জনের মৃত্যু

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের নাম পরিবর্তন করে বিজয় ২৪ হল, বরিশাল ক্যাম্পাসের শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের নাম পরিবর্তন করে জুলাই ৩৬ হল, নির্মানাধীণ নতুন ছাত্র হলের নাম শের-ই বাংলা হল, নির্মানাধীণ নতুন ছাত্রী হলের নাম তাপসী রাবেয়া হল রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

তবে এম. কেৰামত আলী হলের নাম অপরিবৰ্তিত রয়েছে।

উল্লেখ্য, পরবৰ্তী রিজেন্ট বোর্ডের অবহিতকরণ পর্যন্ত হল গুলোর নাম বহাল থাকবে।